

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
[\(www.mopa.gov.bd\)](http://www.mopa.gov.bd)

পরিপত্র

নং- ০৫.০০.০০০০.১৭০.০৬.১৫.২২- ১২৬

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪৩০
২৩ মে ২০২৩

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসমূহের ১১-২০ গ্রেডের পদে
নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি।

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তর এর ক্ষেত্রে রাজস্বখাতভুক্ত
১১-২০ (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণি) গ্রেডের পদে সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য পূর্বে
জারিকৃত পরিপ্রসমূহ রাহিত করিয়া নিয়ন্ত্রুপ বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি গঠন করা
হইল:

(১) মন্ত্রণালয়/বিভাগ এর জন্য গঠিত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি:

(ক) কমিটির গঠন:

ক্র.	কমিটির সদস্য	সভাপতি
১।	প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন)	
২।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৩।	অর্থ বিভাগের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৪।	বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপপরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৫।	প্রশাসনিক মন্ত্রণালয়ের উপসচিব/ সিনিয়র সহকারী সচিব	সদস্য সচিব

(খ) কমিটির কার্যপরিধি:

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগের বেতন ক্ষেত্র এর ১১-২০ গ্রেড
পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) সরাসরি নিয়োগ প্রদানের জন্য সুপারিশ
প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগের বেতন ক্ষেত্র এর ১১-২০
গ্রেডের পদে উচ্চতর টাইম ক্ষেত্র/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন ক্ষেত্র, ২০০৯
অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);

(৩) কোনো বিশেষজ্ঞ /কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের
একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

✓

(২) সরকারি দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর জন্য গঠিত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর প্রেত প্রদান কমিটি:

(ক) কমিটি গঠন:

১।	দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তর এর যুগ্মসচিব/ সমগ্রেডভুক্ত পদের একজন কর্মকর্তা	সভাপতি
২।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৩।	প্রশাসনিক মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৪।	বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপপরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়)	সদস্য
৫।	দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর উপপরিচালক বা সমপর্যায়ের একজন কর্মকর্তা	সদস্য সচিব

(খ) কমিটির কার্যপরিধি:

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তরের বেতন ক্ষেত্র এর ১১-২০ প্রেত পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভুত) সরাসরি নিয়োগ প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তরের বেতন ক্ষেত্র এর ১১-২০ প্রেত পদে প্রেতের পদে উচ্চতর টাইম ক্ষেত্র/সিলেকশন প্রেত প্রদানের সুপারিশ (জাতীয় বেতন ক্ষেত্র, ২০০৯ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);

(৩) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(৪) কমিটিতে সমপর্যায়ের কর্মকর্তা না থাকিলে সেইক্ষেত্রে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করা যাইবে;

২। যে সমস্ত অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয় ঢাকার বাহিরে সে সমস্ত অধিদপ্তর/পরিদপ্তরের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পক্ষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক মনোনীত জেলা অফিসে কর্মরত অতিরিক্ত জেলা প্রশাসক প্রতিনিধিত্ব করিতে পারিবেন। তদরূপ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয় প্রয়োজন হইলে ঢাকার বাহিরে অবস্থিত কমিটি সমূহে তাহাদের বিভাগীয় অফিস হইতে প্রতিনিধি মনোনয়ন দিতে পারিবেন।

৩। প্রশাসনিক বিভাগ ও জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর তাহাদের আওতাধীন অফিসসমূহে যে সকল নন গেজেটেড পদ নিজেরা পূরণ করিয়া থাকেন, তাহাদের জন্য প্রার্থী বাছাইয়ের দায়িত্ব ২৪-০৪-১৯৭৬ তারিখের ইডি/আর-১/এম-৫/৭৬-৫৯ নম্বর অফিস আদেশের মাধ্যমে Divisional Selection Board এর উপর ন্যস্ত করা হইয়াছে, যা এখনও বলবৎ আছে। উক্ত বোর্ড নিয়োজিত শ্রেণির নন গেজেটেড পদে নিয়োগ ও পদোন্নতি বিবেচনা করিবেনঃ—

(১) বিভিন্ন অধিদপ্তর ও পরিদপ্তরের বিভাগীয় পর্যায়ের পদসমূহ যাহা অধিদপ্তর/পরিদপ্তর প্রধান কর্তৃক কেন্দ্রীয়ভাবে পূরণ করা হয় না;

(২) জেলা ও আওতাধীন দপ্তরসমূহের পদসমূহ।

(✓)

৫। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।

৬। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

(২৫/১০৭/১০৮)

(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)

সিনিয়র সচিব

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব,সকল মন্ত্রালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন মন্ত্রালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
- ৩। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ট ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ১০০ শত কপি প্রেরণের অনুরোধসহ)।
- ৬। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।